

## 🗏 মারইয়াম | Maryam | مُرْيَم

আয়াতঃ ১৯:৬০

## **া** আরবি মূল আয়াত:

## إِلَّا مَن تَابَ وَ أَمَنَ وَ عَمِلَ صَالِحًا فَأُولَئِكَ يَدخُلُونَ الجَنَّةَ وَ لَا يُظلَمُونَ شَيئًا ﴿٤٠﴾

## 

তবে তারা নয় যারা তাওবা করেছে, ঈমান এনেছে এবং সংকর্ম করেছে; তারাই জান্নাতে প্রবেশ করবে এবং তাদের প্রতি কোন যুলম করা হবে না। — আল-বায়ান

তারা বাদে যারা তাওবাহ করবে, ঈমান আনবে আর সৎ কাজ করবে। ফলে এরাই জান্নাতে প্রবেশ করবে, এদের প্রতি এতটুকু যুলম করা হবে না। — তাইসিরুল

কিন্তু তারা নয় - যারা তাওবাহ করেছে, ঈমান আনয়ন করেছে ও সৎ কাজ করেছে; তারাতো জান্নাতে প্রবেশ করবে, তাদের প্রতি কোন যুলম করা হবেনা – মুজিবুর রহমান

Except those who repent, believe and do righteousness; for those will enter Paradise and will not be wronged at all. — Sahih International

৬০. কিন্তু তারা নয়—যারা তাওবা করেছে, ঈমান এনেছে ও সৎকাজ করেছে। তারা তো জান্নাতে প্রবেশ করবে। আর তাদের প্রতি কোন যুলুম করা হবে না।

তাফসীরে জাকারিয়া

- (৬০) কিন্তু তারা নয় যারা তওবা করেছে, ঈমান এনেছে ও সৎকর্ম করেছে; তারা তো জান্নাতে প্রবেশ করবে; আর তাদের প্রতি কোন যুলুম করা হবে না। [1]
  - [1] অর্থাৎ, যে ব্যক্তি তওবা করে নামায ত্যাগ ও খেয়াল-খুশীর অনুসরণ করা হতে ফিরে আসবে এবং ঈমান ও সংকাজের দাবীসমূহ পূরণ করবে তারা উল্লিখিত অশুভ পরিণাম হতে পরিত্রাণ লাভ করবে এবং জান্নাতের অধিকারী বিবেচিত হবে।

তাফসীরে আহসানুল বায়ান



🔷 hadithbd.com — কুরআন — মারইয়াম। Maryam । مَرْيُم

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2310

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন